



নথি নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০১২ (কুমিল্লা) ২০১৩.৮৭

তারিখ: ৩০ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ  
১৩ এপ্রিল ২০২৩ খ্রিষ্টাব্দ

**বিষয়: কারণ দর্শানোর জবাব প্রেরণ।**

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (শৃঙ্খলা বিষয়ক শাখা) এর ইউ.ও নোট নং-৩৭.০০.০০০০.০৯৫.০৯৯.০৭.২০১৩.১০১, তারিখ: ০৭.০৩.২০২৩খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এইচএসসি পরীক্ষা ২০২২ এর অধীনে ঢাকা বোর্ডে অনুষ্ঠিত বাংলা ১ম পত্রের ১১ নং বিতর্কিত ও অসঙ্গতিপূর্ণ প্রশ্নপত্র আপনি পরিশোধন করেছেন। আপনি মন্ত্রণালয়ের নীতিমালা, মন্ত্রণালয়ের নির্দেশনার বিধান অমান্য করে প্রশ্নপত্র পরিশোধন করেছেন। শিক্ষা মন্ত্রণালয়ের ১১.০৭.২০১৯ তারিখের স্মারক নং-পিএস/১৯/৪০৯৪ মূলে এবং ২২.১১.২০০৯ তারিখের স্মারক নং-শিম/শা:-১১/বিবিধ-৬(সেসিপ)/২০০৪(অংশ-১)১১৪৮ মূলে জারিকৃত পরিপত্রে অত্যন্ত কঠোরভাবে সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়ন সংক্রান্ত নির্দেশনা সুস্পষ্টভাবে লংঘন করেছেন।

২.০ প্রশ্নপত্রে কোন কোন বিষয়ে বিতর্কিত/অসঙ্গতিপূর্ণ/সিলেবাস বহির্ভূত প্রশ্নপত্র প্রণয়নসহ সংগঠিত বিভিন্ন ত্রুটি বিচ্যুতি ও অসঙ্গতির কারণ অনুসন্ধান এবং এ জন্য দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গকে চিহ্নিত করার লক্ষ্যে অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) কে আহ্বায়ক করে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়। এ বিষয়ে তদন্ত কমিটি প্রতিবেদনে চলমান উচ্চ মাধ্যমিক ও সমমান ও পরীক্ষা ২০২২ এর বাংলা ১ম পত্রের বিতর্কিত ও অসঙ্গতিপূর্ণ প্রশ্ন পরিশোধনকারী হিসেবে আপনি জনাব মো: রেজাউল করিম, সহকারী অধ্যাপক (বাংলা) ভেড়ামারা আদর্শ কলেজ, ভেড়ামারা, কুষ্টিয়া দায়ী মর্মে উল্লেখ করেছেন। এইচএসসি পরীক্ষা ২০২২ এর ঢাকা বোর্ডের অধীনে অনুষ্ঠিত বাংলা ১ম পত্রের বিতর্কিত ও অসঙ্গতিপূর্ণ প্রশ্নপত্র পরিশোধনকারী হিসেবে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমানিত হয়েছে।

৩.০ এমতাবস্থায়, এইচএসসি পরীক্ষা ২০২২ এর ঢাকা বোর্ডের অধীনে অনুষ্ঠিত বাংলা ১ম পত্রের বিতর্কিত ও অসঙ্গতিপূর্ণ প্রশ্নপত্র প্রণয়ন করার বিষয়ে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমানিত হওয়ায় জনবলকাঠামো ও এমপিও নীতিমালা ২০২১ এর ১৮.১ অনুযায়ী কেন আপনার এমপিও বাতিল করা হবে না আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে তার জবাব এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মো: মিজানুর রহমান)

উপসচিব

ফোন : ৫৫১০০৫১৭

ই-মেইল: [nongovt.secondary.Sec3@shed.gov.bd](mailto:nongovt.secondary.Sec3@shed.gov.bd)

জনাব মো: রেজাউল করিম, সহকারী অধ্যাপক (বাংলা)

ভেড়ামারা আদর্শ কলেজ, ভেড়ামারা, কুষ্টিয়া।

সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. উপসচিব, শৃঙ্খলা বিষয়ক শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কুষ্টিয়া।
৭. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
৮. অধ্যক্ষ, ভেড়ামারা আদর্শ কলেজ, ভেড়ামারা, কুষ্টিয়া।
৯. অফিস কপি।